

ঢাকা ওয়াসা

- ০১। সাঃপাঃশোঃ (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্মপরিকল্পনার কপি।
 ০২। ঠিকাদারকে চিঠি প্রেরণ।
 ০৩। ঠিকাদার হতে প্রাপ্ত মালামালের একক দরের কপি।
 ০৪। মালামালের দর বিশ্লেষণ।
 ০৫। মালামালের স্পেসিফিকেশনের কপি।
 ০৬। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয় : Supply and Installation of MS poles, LED Lights, Cables for Saidabad WTP for KPI Compliance.

১.০। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ একটি কেপিআই ভুক্ত প্রতিষ্ঠান। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ হতে প্রতিদিন প্রায় ২২.৫ কোটি লিটার পানি পরিশোধন করে ঢাকা মহানগরবাসীদের নিকট সরবরাহ করা হয়। সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ “র”ওয়াটার পরিবহন, “ট্রিটেড”ওয়াটার ট্রান্সমিশন ও প্ল্যান্টের অবকাঠামোসমূহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার পরিদর্শনে প্রায়ই বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধিগণ আসেন। এছাড়াও আমাদের দেশের বিভিন্ন স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, গবেষক, শিক্ষাবিদ এবং শিক্ষকগণ শিক্ষা সফরে অত্র স্থাপনাটি পরিদর্শনে আসেন। তাই উল্লেখিত স্থাপনাটি পরিষ্কার পরিচ্ছন্ন ও দৃষ্টি নন্দন রাখাসহ প্ল্যান্টের নিরাপত্তা বজায় রাখা যথাযথ প্রয়োজন। তৎপ্রেক্ষিতে প্ল্যান্টের অভ্যন্তরে আলোর সন্নতা দূরীকরণের জন্য স্ট্রিট লাইট লাগানো প্রয়োজন। প্ল্যান্টের শান্তি শৃঙ্খলা বজায় রাখা এবং নিরাপত্তার স্বার্থে স্ট্রিট লাইটসহ অন্যান্য মালামাল ক্রয় করা প্রয়োজন। বর্ণিত মালামাল সরবরাহ করা হলে প্ল্যান্টের নিরাপত্তাসহ বিভাগীয় কাজ-কর্মে জবাবদিহিতা বৃদ্ধি পাবে এবং প্ল্যান্টের নিরাপত্তা বৃদ্ধি পাবে।


১.১। আলোচ্য কাজটি বাস্তবায়নের লক্ষ্যে সর্বনিম্ন বাজার দর অনুযায়ী “দাণ্ডরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট ৬ ৯,৯৮,৫৮৬.৫২৩(নয় লক্ষ আটানব্বই হাজার পাঁচশত ছিয়াশি দশমিক পাঁচ দুই তিন) টাকা। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী,পানি ও পয়ঃ সার্কেল ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে।


১.২। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি উন্মুক্ত দরপত্র (e-GP) OTM পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৪০ এবং প্যাকেজ নং-G-15 তে অন্তর্ভুক্ত রয়েছে। কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭৮ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র OTM পদ্ধতিতে দরপত্র আহ্বানের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে CPTU কর্তৃক প্রণীত STD PG-2 অনুসরণ করে দরপত্র দলিল প্রণয়ন করা হবে। প্রণীত দরপত্র দলিলে কার্যক্রয়কারী হিসেবে নির্বাহী প্রকৌশলী,সায়েদাবাদ পানি শোধনাগার(রক্ষণাবেক্ষণ) বিভাগ উল্লেখ করা হবে। ক্রয়কারী কর্তৃক দরপত্র দলিল প্রণয়ন, দরপত্র আহ্বান, কার্য সম্পাদন নোটিশ জারী (NOA), চুক্তি সম্পাদন ও চুক্তি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পাদন করা হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনালোকে Supply and Installation of MS poles, LED Lights, Cables for Saidabad WTP for KPI Compliance. শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


- ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৭৮ ধারা অনুসারে উন্মুক্ত দরপত্র (e-GP) OTM পদ্ধতিতে দরপত্র আহ্বানের অনুমোদন।
 খ) উপস্থাপিত দাণ্ডরিক প্রাক্কলন ৬ ৯,৯৮,৫৮৬.৫২৩(নয় লক্ষ আটানব্বই হাজার পাঁচশত ছিয়াশি দশমিক পাঁচ দুই তিন) টাকার অনুমোদন।
 গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় ২০২৫-২৬ অর্থ বছরের বাজেটের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত (কোড ০১-০৪-০১১) হতে নির্বাহের অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



 19/11/26
 সুরত কুমার দেব
 উপ-সহকারী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)


 27/10/25
 মোঃ মশিউর রহমান ভূঞা
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।



 19-01-26
 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 SE (WSTP)

১.৪। অনুমোদিত।


 19.01.2026

মিজা মোশাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।


 MD (Maint.)